

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
গ্রাফিক আর্টস ইনস্টিটিউট  
সাতমসজিদ রোড, ঢাকা-১২০৭।

www.gai.gov.bd  
Email: principal.graphic@gmail.com

স্মারক নং-৩৭.০৩.২৬৫০.৩০১.৩৪.০৪২.১৯-১০৪৩

তারিখঃ ২৮/০৭/২০১৯খ্রিঃ।

## সংশোধনী বিজ্ঞপ্তি

এতদ্বারা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১৯-২০২০ সেশনের গ্রাফিক আর্টস ইনস্টিটিউটে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী আগামী ০১/০৮/২০১৯খ্রি. তারিখ হতে গ্রাফিক ডিজাইন, প্রিন্টিং ও কম্পিউটার টেকনোলজির ১ম পর্ব, ১ম ও ২য় শিফটের ক্লাস শুরু হবে।

সে লক্ষে ওরিয়েন্টেশন এবং অভিভাবক দিবস নিম্নের সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। যথাসময়ে ছাত্র-ছাত্রীদের অভিভাবকসহ উপস্থিত থাকার জন্য বলা হলো।

### অনুষ্ঠান সূচিঃ

নং	বিভাগ/পর্ব/শিফট	স্থান	সময়	মন্তব্য
১	গ্রাফিক ডিজাইন, প্রিন্টিং ও কম্পিউটার টেকনোলজি, ১ম পর্ব, ১ম ও ২য় শিফট	অডিটোরিয়াম	সকাল ১০ঃ০০ টা	

ক্লাস শুরুর ০৭ (সাত) কার্য দিবস পর্যন্ত ক্লাসে উপস্থিত না থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

উক্ত ৭ (সাত) কার্য দিবসের মধ্যে শিওর ক্যাশের মাধ্যমে ৭৮৫/- (সাতশত পঁচাশি) টাকা জমা দিয়ে একাডেমিক শাখায় নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দেয়ার জন্য বলা হলো। (অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে)।

১. এসএসসি পাশের মূল ট্রান্সক্রিপ্ট।
২. এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষার পাশের প্রশংসাপত্রের ফটোকপি ০১ কপি।
৩. পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি।
৪. মুক্তিযোদ্ধা/উপজাতি মূল সনদপত্র ০১ কপি।
৫. স্বাস্থ্য/মেডিকেল পরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত মেডিকেল অফিসারের নিকট স্বাস্থ্য/মেডিকেল পরীক্ষা করতে হবে।

**বি দ্রঃ** ইনস্টিটিউটের নির্ধারিত ইউনিফর্ম ছাত্রদের জন্য সাদা ফুল শার্ট, কালো ফুল প্যান্ট ও কালো জুতা (ক্যাটালাগ অনুসারে) ছাত্রীদের জন্য সাদা জামা, কালো ওড়না, কালো স্যালোয়ার ও কালো জুতা (ক্যাটালাগ অনুসারে) পরিধান করে ইনস্টিটিউটে আসতে হবে।

*Atkinson 28.07.19*  
(প্রকৌশলী নীহার রঞ্জন দাস)  
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)  
গ্রাফিক আর্টস ইনস্টিটিউট  
সাতমসজিদ রোড, ঢাকা-১২০৭।  
ফোনঃ ৯১১৩৮৯৬

সদয় অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। একাডেমিক ইনচার্জ ও বিভাগীয় প্রধান, গ্রাফিক ডিজাইন টেকনোলজি, অত্র ইনস্টিটিউট।
- ৩। বিভাগীয় প্রধান, প্রিন্টিং/কম্পিউটার টেকনোলজি, অত্র ইনস্টিটিউট।
- ৪। প্রোগ্রামার, অত্র ইনস্টিটিউট (নোটিশ টি ইনস্টিটিউটের ওয়েব সাইটে আপলোড করার জন্য বলা হলো)।
- ৫। হিসাবরক্ষক/ক্যাশিয়ার, অত্র ইনস্টিটিউট।
- ৬। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।